# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৮৮

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৮৪তম কমিশন সভা অদ্য ৩০/০৪/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. ডেল্টা ব্রাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড এর ৩০০ কোটি টাকার Non-convertible Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অদ্যকার সভায় অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully redeemable, Unsecured, Unlisted Zero Coupon Bond। বন্ডটি ০৫ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, অন্য করপোরেট প্রতিষ্ঠান এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ডেল্টা ব্রাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড কোম্পানীর চলমান অর্থায়ন প্রয়োজনীয়তা মেটাতে তারল্য স্থিতি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে সেনা কল্যাণ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড এবং স্ট্যান্ডার্ড চ্যাটার্ড ব্যাংক কাজ করছে।

২. সভায়, Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 সংশোধনপূর্বক প্রকাশিত না হওয়া পর্যন্ত ৩০ এপ্রিল ২০১৯ থেকে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) সংক্রান্ত নতুন কোন আবেদন গ্রহণ করা হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ২৯ এপ্রিল ২০১৯ পর্যন্ত কমিশনে দাখিলকৃত আবেদনসমূহ বিদ্যমান আইনুনাযায়ী বিবেচনা করা হবে। এছাড়া কমিশনে ৩০ এপ্রিল ২০১৯ থেকে অতালিকাভুক্ত কোম্পানি কর্তৃক মূলধন উত্তোলন সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না। তবে ২৯ এপ্রিল ২০১৯ পর্যন্ত অতালিকাভুক্ত কোম্পানী কর্তৃক দাখিলকৃত আবেদনসমূহ বিদ্যমান আইনুনাযায়ী বিবেচনা করা হবে।

৩. স্টক এক্সচেঞ্জে লেনদেনের মাধ্যমে সিকিউরিটিজ হস্তান্তরের ক্ষেত্রে বিদ্যমান এসএমএস এলার্ট সার্ভিসের সাথে সাথে স্টক এক্সচেঞ্জে লেনদেন ব্যতিত কোন সিকিউরিটিজ হস্তান্তরের ক্ষেত্রেও সিডিবিএল এসএমএস এলার্ট সার্ভিস চালু করেছে। এখন থেকে স্টক এক্সচেঞ্জে লেনদেন ব্যতিত কোন সিকিউরিটিজ লেনদেন এর ক্ষেত্রে ডিপোজিটরি অংশগ্রহণকারী কর্তৃক তাদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক/ শেয়ারহোল্ডার কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে বিনা খরচে এসএমএস এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে উক্ত হস্তান্তরের তথ্য প্রেরণ করা হবে। সকল ডিপোজিটরি অংশগ্রহণকারী যারা এখনও এই সেবা গ্রহণ করেন নাই তাঁরা এই সেবা গ্রহণে উদ্যোগী হতে পারেন। সিডিবিএল ইতিমধ্যে এ বিষয়ে সকল ডিপোজিটরি অংশগ্রহণকারীকে পত্র প্রদান করেছে।

উল্লেখ্য বিনিয়োগকারী পর্যায়ে দেশে এবং বিদেশে এই সেবা বিনাখরচে পূর্ব হতেই চালু আছে। সম্মানিত বিনিয়োগকারী যাদের বিও হিসাবে তাঁদের মোবাইল ফোন নম্বর সন্নিবেশিত করেন নাই তাঁদেরকে অবিলম্বে তাঁদের বিও হিসাবে মোবাইল নম্বর সন্নিবেশিত করার জন্য আহ্বান জানানো হচ্ছে। বিও হিসাবে মোবাইল ফোন সন্নিবেশিত থাকলে তার মাধ্যমে বিও হিসাব থেকে সিকিউরিটিজ জমা বা উত্তোলনের তথ্য বিনাখরচে স্বংয়ক্রিয়ভাবে মোবাইল ফোনে এসএমএস এলার্ট হিসাবে পাওয়া যাবে।

৪. এছাড়াও অদ্যকার সভায় কমিশন, মিউচ্যুয়াল ট্রাষ্ট ব্যাংক লিমিটেড এর ৬,৩৭,০৭,০০৪টি সাধারণ শেয়ার নতুন করে NORFUND এর নিকট ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন বৃদ্ধির প্রস্তাবে কয়েকটি শর্ত প্রদানপূর্বক অনুমোদন প্রদান করেছে।

৩০/০৪/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd